

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২ (মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

নম্বর : ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.১৩৪

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
২৭ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: RS-K (Revisional Survey-Khatian) System ও DRR (Digitization of Record Room)-এর মাধ্যমে সি.এস., এস.এ., আর.এস. এবং দিয়ারা খতিয়ান অনলাইনে সরবরাহকরণ।

স্বচ্ছ, দক্ষ, জবাবদিহিমূলক ও গতিশীল ভূমি-সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় হতে ইতোমধ্যে বহুমুখী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ভূমি-সংক্রান্ত কতিপয় নাগরিক সেবা ই-সার্ভিসে রূপান্তর এবং অনলাইনে প্রদানের লক্ষ্যে www.land.gov.bd ওয়েবসাইট তৈরি করা হয়েছে। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক সর্বশেষ প্রকাশিত স্বত্বলিপি তথা আর.এস. [Revisional Survey (R.S.)] খতিয়ান নামজারি ও জমাভাগ/জমা একত্রীকরণের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ দলিল। ইতোমধ্যে সমগ্র দেশে বিদ্যমান মোট প্রায় ৬১,৫০০ মৌজার (তিন পার্বত্য জেলা ব্যতীত) মধ্যে প্রায় ৪১,০০০ মৌজার আর.এস.জরিপ সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক প্রায় তিন কোটি ৫০ লক্ষ খতিয়ানের মধ্যে প্রায় ৩২,০০০ মৌজার প্রায় এক কোটি ৪৬ লক্ষ খতিয়ান rsk.land.gov.bd ও drroffice.land.gov.bd ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। জরিপ কার্যক্রম একটি ধারাবাহিক প্রক্রিয়া। এজন্য জরিপ কার্যক্রম সম্পন্ন হয়েছে এমন খতিয়ানসমূহ পর্যায়ক্রমে আপলোড করার কার্যক্রম চলমান রয়েছে এবং পরবর্তীতে জরিপ কার্যক্রম সম্পন্ন হওয়ার পর চূড়ান্ত ভাবে গেজেটে প্রকাশিত খতিয়ানও এই লিংকে আপলোড করা হবে। ভূমি মন্ত্রণালয়ের www.land.gov.bd অথবা rsk.land.gov.bd অথবা www.minland.gov.bd ওয়েব সাইট অথবা মোবাইল অ্যাপ-এর মাধ্যমে বাংলাদেশের যে কোন নাগরিক ঘরে বসে অথবা নিকটস্থ যে কোন ডিজিটাল সেন্টার অথবা পৃথিবীর যে কোন প্রান্ত থেকে নিজের জমি সংক্রান্ত তথ্য দেখার সুযোগ পাবেন।

০২। কালেক্টর তথা জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ড রুম হতে প্রচলিত বিধান অনুসরণ করে খতিয়ান/পর্চা প্রদান করা হয়ে থাকে। কাঙ্ক্ষিত খতিয়ানের কপি প্রাপ্তিতে জটিলতা ও দীর্ঘসূত্রতা পরিহার, সময়, খরচ ও যাতায়াত হ্রাস করা, মধ্যস্বত্বভোগীদের দৌরাভ্য বন্ধ করা এবং ভূমি-সংক্রান্ত সেবা আরও স্বচ্ছ ও জবাবদিহিমূলক করার লক্ষ্যে প্রচলিত বিধানের পরিবর্তে সরকার অনলাইনভিত্তিক RS-K System চালু করেছে। ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ, রেকর্ড প্রণয়ন ও সংরক্ষণ প্রকল্পের আওতায় DRR (Digitization of Record Room)-এর মাধ্যমে সি.এস., এস.এ., আর.এস. এবং দিয়ারা খতিয়ান অনলাইনে আনয়ন করা হয়েছে। উক্ত RS-K System এবং DRR কার্যকর করার লক্ষ্যে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করা আবশ্যিক:

- ক) জেলা প্রশাসকের রেকর্ড রুম হতে অনলাইনভিত্তিক খতিয়ান/পর্চা সরবরাহ করতে হবে;
- খ) খতিয়ান/পর্চা প্রাপ্তির ক্ষেত্রে সরাসরি অথবা অনলাইনে আবেদন করা যাবে;
- গ) জেলা প্রশাসকের কার্যালয়ের ফ্রন্ট ডেস্ক/ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC)/পৌরসভা ডিজিটাল সেন্টার (PDC)/সিটি কর্পোরেশন ডিজিটাল সেন্টার (CDC)/মোবাইল অ্যাপ-এর মাধ্যমে অনলাইনে আবেদন করা যাবে;
- ঘ) সরাসরি প্রাপ্ত আবেদন নির্ধারিত রেজিস্টারে ধারাবাহিকভাবে লিপিবদ্ধ করতে হবে;
- ঙ) সরাসরি আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে রেজিস্টারের ক্রমিক উল্লেখপূর্বক খতিয়ান কপি সরবরাহের তারিখ সম্বলিত রশিদ প্রদান করতে হবে;
- চ) সরাসরি বা অনলাইনে প্রাপ্ত আবেদনের ক্ষেত্রে খতিয়ান কপি সরবরাহের পূর্বে RS-K System বা DRR-এ এন্ট্রি না থাকলে সংশ্লিষ্ট খতিয়ানটি RS-K System বা DRR-এ এন্ট্রি করে আবেদনকারীকে সার্টিফাইড কপি সরবরাহ করতে হবে;
- ছ) বিধি মোতাবেক অনলাইনে সরকারি ফি ও সার্ভিস চার্জ গ্রহণ করে আবেদনকারীর চাহিদা মোতাবেক সরাসরি বা ডাকে খতিয়ানের কপি সরবরাহ করতে হবে;

জ) অনলাইনে প্রাপ্ত আবেদনের খতিয়ান/পার্চার কপি তাৎক্ষণিকভাবে দেয়া সম্ভব বিধায় উক্ত খতিয়ান/পার্চার সার্টিফাইড কপি সর্বোচ্চ ৩ (তিন) দিনের মধ্যে আবেদনকারীর চাহিদা মোতাবেক সরবরাহ করতে হবে;

ঝ) জেলা প্রশাসকের কার্যালয়ের ফ্রন্ট ডেস্ক/ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC)/পৌরসভা ডিজিটাল সেন্টার (PDC)/সিটি কর্পোরেশন ডিজিটাল সেন্টার (CDC)-এর মাধ্যমে সার্টিফাইড কপি সরবরাহ করা যেতে পারে;


ঞ) খতিয়ান/পার্চার সার্টিফাইড কপি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবি ও পরিচিতি নম্বর উল্লেখ করতে হবে; এবং

ট) উপর্যুক্ত বিষয়ে কোনো ব্যাখ্যার প্রয়োজন হলে ভূমি মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট (টেলিফোন:+ ৮৮০২৯৫৫৫০৪৩) অথবা উপসচিব (জরিপ-১) (টেলিফোন: +৮৮০২৯৫৪০০৪৮)-এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

০৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

বিতরণ:

- ১। জেলা প্রশাসক, ... (সকল)।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ... (সকল)।



মোঃ মাক্ছুদুর রহমান পাটওয়ারী
ভারপ্রাপ্ত সচিব
ভূমি মন্ত্রণালয়।

ফোন: +৮৮০২৯৫৪৫১৩১,

ফ্যাক্স: +৮৮০২৯৫৭৭৩৪৪

ই-মেইল: secretary@minland.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, ... (সকল)।
- ৬। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব/উপসচিব, ..., ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ৮। অফিস কপি/ মাস্টার কপি।